গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নড়াইল সদর, নড়াইল
www.narailsadar.narail.gov.bd

**বিষয়: নভেম্বর/২০২২ মাসের নড়াইল সদর উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

সহযোগিতায়:
সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

স্থান : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল এর অফিস কক্ষ

তারিখ : ৩০/১১/২০২২ খ্রি.

সময় : বেলা- ১১: ৩০ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকল সদস্যদের অনুরোধ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রারম্ভিক বক্তব্যে সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করত: আলোচ্যসূচি অনুযায়ী সকলকে বক্তব্য প্রদানের আহ্বান জানান।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। **স্থায়ী কমিটির সুপারিশসমূহ:** উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, চলতি মাসে অনুষ্ঠেয় স্থায়ী কমিটির সভার কোন কার্যবিবরণী পাওয়া যায়। সকল স্থায়ী কমিটির নিয়মিতভাবে সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর কার্যালয়ে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব |
| ২। **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দুইটি উপ-প্রকল্প যথাক্রমে বোড়ামারা অটিজম ও প্রতিবন্ধী বিদ্যালয়ের শ্রেণিকক্ষ বৃদ্ধিকরণ এবং চারিখাদা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ এর কাজ চলমান আছে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে নড়াইল সদর উপজেলায় ০৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণ করা হয় এবং প্রকল্পগুলির কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং উপ-প্রকল্প বাস্তবায়নের খরচের হিসাব বিবরণীসহ বিল ভাউচার প্রকল্প প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের দুইটি কাজ ঠিকাদার যাতে প্রাক্কলন মোতাবেক দ্রুত সম্পন্ন করে তা' তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল এবং ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর<br><br>ইউডিএফ, নড়াইল সদর |
| ৩। **উপজেলা স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগীয় ইপিআই কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, নড়াইল সদর উপজেলা পরিষদ কেন্দ্রে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখাসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| ৪। **উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| **৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ, তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| **৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার দপ্তর হতে নভেম্বর/২০২২ মাসে বিভিন্ন কার্যক্রমের মধ্যে গবাদি পশুর টিকা প্রদান সংখ্যা ৮০৩৮ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান সংখ্যা-৮৪১০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সংখ্যা-২৫৩৭টি, হাঁস-মুরগীর চিকিৎসা সংখ্যা-১১৪৩৫টি, কৃত্রিম প্রজনন সংখ্যা (তরল+হিমায়িত)-১২৩৬টি, কৃত্রিম প্রজনন থেকে বাচ্চা জন্মের সংখ্যা-৩৭৭টি, দারিদ্র বিমোচন লোন আদায় হয়নি। কৃত্রিম প্রজনন থেকে রাজস্ব আয় হয়েছে-৩২৭৯০/- টাকা, হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকাবীজ থেকে রাজস্ব আয়-২৫৯৬০/- টাকা এবং অন্যান্য-৭,৩০০/- টাকাসহ মোট রাজস্ব প্রাপ্তি ৬৬০৫০/-টাকা। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নড়াইল সদর |
| **৭। উপজেলা মৎস্য বিভাগ:** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২২ মাসে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে বিভিন্ন মাছ বাজার পরিদর্শন এবং সচেতনতা সভা অব্যাহত আছে। তিনি আরও জানান এন এ টি পি-০২ প্রকল্পের আওতায় ১৪ জন সি আই জি মৎস্য চাষীর মধ্যে প্রদর্শনী মালামাল বিতরণ করা হয়েছে এবং ২টি মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষা করা হয়েছে। এ মাসে মোট ১৯জন মৎস্য চাষীর মাঝে মাছ চাষের পরামর্শ প্রদান এবং ১৬টি মৎস্য ঘের সরেজমিনে পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য আড়ত, ফিস ল্যান্ডিং সেন্টার ও মাছ বাজারে গণসচেতনতা সভা ও পরিদর্শন অব্যাহত আছে। তিনি আরও জানান তার বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | আলোচনান্তে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে নিয়মিত বাজার পরিদর্ন, গণসচেতনতা সভার আয়োজন, মাছের ঘের পরিদর্শন এবং মৎস্য চাষীদের মাছ চাষ সম্পর্কে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর |
| **৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নড়াইল সদর |
| **৯। উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর সভায় জানান যে, বর্তমানে নড়াইল খাদ্য গুদামে চাল-৩৬২৮.৪৮৪ মে: টন, গম-৪৫৯.৭০২ মে: টন এবং খালি বস্তা-১,০৫,০২৯ খানা মজুদ আছে। এছাড়া খাদ্য শস্য সংগ্রহ লক্ষ্যমাত্রা বোরো সিদ্ধ চাল ২৫০৯.০০০ মে:টন, অর্জন-২৪২৬.৫৯০ মে:টন, সংগ্রহ মূল্য-৪০/-টাকা, ধান-৩০৫৫.০০০ মে:টন, অর্জন-১৫৬৩.০০০ মে:টন, সংগ্রহ মূল্য-২৭/-টাকা, আতপচাল ৫৪.৯৯০ মে:টন, অর্জন ৫৪.৯৬০ মে:টন, সংগ্রহ মূল্য- ৩৯/- টাকা। চাল কল লাইসেন্সধারী ৩৩টি চুক্তিবদ্ধ ২৬টি এবং চুক্তির পরিমাণ ২৫০৮.৯৯০ মে:টন। ইস্যুকৃত ডিও'র অনুকূলে বিতরণকৃত খাদ্যশস্যের পরিমাণ চাল খাতভিত্তিক ইপি-৪১.১৮৭ মে:টন, ওপি-৬.০০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন, ওএমএস-৯০.০০০ মে:টন, জিআর- ৩.০০০ মে:টন, ভিজিডি-৫০.২৫০ মে:টন এবং খাদ্যবান্ধব- ২৫২.৫৭০ মে:টন। গম খাতভিত্তিক ইপি-৩৮.৯০৪ মে:টন, ওপি- ০.৮০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন এবং আটাকল- ১৩৯.০০০ মে:টন। এছাড়া তিনি বিভিন্ন খাদ্য সামগ্রীর বাজার দর সভায় উপস্থাপন করেন। চাল মোটা-৪৫/--৪৭/- টাকা, চাল মাঝারী-৫৫/--৫৬/- টাকা, চাল সরু-৭০/--৮০/- টাকা, ধান মোটা-২৮/--২৮/৫০ টাকা, ধান মাঝারী-৩৫/- -৩৮/- টাকা, আটা লুজ-৬২/--৬৫/- টাকা, আটা প্যাকেট-৬৫/--৭০/- টাকা, চিনি-১১৫/--১২০/- টাকা, ডাউল মুশুরি-১০৫/--১৩০/- টাকা, সয়াবিন তেল-১৮৫/--১৯০/- টাকা এবং সরিষার তেল-২২৫/--২৩৫/- টাকা। তিনি আরও জানান খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম সম্পর্কিত তথ্য উপজেলা প্রশাসন ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করেছেন এবং ৩০/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ৮,৫১৯টি কার্ড আপলোড করা হয়েছে। বর্তমানে ৩৫ খানা কার্ড আপলোড করতে বাকী আছে। | আলোচনান্তে খাদ্য বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা করা, খাদ্যবান্ধব কর্মসূচির অবশিষ্ট কার্ডের ডিজিটাল ডাটাবেজ প্রস্তুত করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল |

| | | |
|---|---|---|
| ১০। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | আলোচনান্তে সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর |
| ১১। **যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায় এবং অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নড়াইল সদর |
| ১২। **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| ১৩। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষা গত ২৮/১১/২০২২ তারিখ হতে এবং মাদ্রাসা পর্যায়ে ২৪/১১/২০২২ তারিখ হতে শুরু হয়েছে। এছাড়া মাধ্যমিক পর্যায়ের ৩৪.৭৫% এবং মাদ্রাসা পর্যায়ের ২০.২৫% বই পাওয়া গেছে যা' আগামী ০৪/১২/২০২২ তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বিতরণ কার্যক্রম শুরু হবে। পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশন শীর্ষক স্কিমের আওতায় স্কুল/মাদ্রাসা/কলেজসমূহকে গত ২০/১১/২০২২ তারিখের মধ্যে আবেদন জমা দেয়ার জন্য বলা হয়। নির্ধারিত সময়ের মধ্যে ২৪টি আবেদন জমা হয়েছে। তিনি আরও জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে বই বিতরণ এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ১৪। **বাংলাদেশ পল্লী উন্নয়ন বিভাগ (পল্লী জীবিকায়ন কর্মসূচি):**<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (অ:দা:), পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর সভায় জানান যে, তার কার্যালয় হতে নভেম্বর/২০২২ মাসে সমিতির সদস্যদের মাঝে কোন ঋণ বিতরণ করা হয়নি। ঋণ আদায় হয়েছে ৪.৯১ লক্ষ টাকা, শেয়ার আদায় হয়নি এবং সঞ্চয় আদায় হয়েছে ০.০৩ লক্ষ টাকা। মাস শেষে খেলাপী ঋণের পরিমাণ ৩৩.৮৪ লক্ষ টাকা। | আলোচনান্তে পল্লী জীবিকায়ন কর্মসূচির আওতায় ঋণ বিতরণ এবং বিতরণকৃত ঋণ আদায়ের গতি বৃদ্ধিকরণ, করোনা ভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, বি,আর,ডি,বি, নড়াইল সদর |
| ১৫। **পরিসংখ্যান বিভাগ:** উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, Sample Vital Registration (SVSB) প্রকল্পের অধীন Sample Vital Registration System জরিপ এর তথ্য সংগ্রহ কাজ প্রতি মাসের ০১-১৫ তারিখের মধ্যে করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইং এর মূল্য ও মজুরি শাখার বিভিন্ন সূচকের (দর ছকের মাধ্যমে) তথ্য সংগ্রহের কাজ প্রতি মাসের ১২-১৮ তারিখের মধ্যে করা হয়। CAPI পদ্ধতিতে হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেনডিচার সার্ভে (HIES) ২০২২ এর লিস্টিং কার্যক্রম এবং CAPI অ্যাপ্লিকেশনের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ ০৯/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। CAPI পদ্ধতিতে শ্রম শক্তি জরিপ এবং জাতীয় শিশুশ্রম জরিপের লিস্টিং কার্যক্রম ০১/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। তিনি আরও জানান বার্ষিক কৃষি পঞ্জিকার মাধ্যমে মাসব্যাপী বিভিন্ন প্রধান ও অপ্রধান ফসলের আনুমানিক হিসাবের তথ্য সংগ্রহ করা হয়। | উপজেলা পরিসংখ্যান বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর চতুর্থ ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর |
| ১৬। **উপজেলা রিসোর্স সেন্টার:** ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, নভেম্বর ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী তিনি ৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনে বিদ্যালয়ের শ্রেণি শিখন-শেখানো কার্যক্রম, শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজী বিষয়ে পঠন দক্ষতা যাচাই, ইংরেজী বিষয়ে শিক্ষার্থীদের সাবলীল পাঠদান ও Class room language এর ব্যবহারসহ অফিসিয়াল বিষয়ে পরিদর্শন করেন। এছাড়া শিক্ষার্থীদের শিখন ঘাটতি দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনে পরামর্শ ও নির্দেশনা প্রদান করেন। তিনি আরও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা রিসোর্স সেন্টারের কাজকর্ম ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয় | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ১৭। **মহিলা বিষয়ক অধিদপ্তর:** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান নভেম্বর/২০২২ মাস পর্যন্ত মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় নড়াইল সদর উপজেলায় ৮৫৫ জনকে (ক্রমপুঞ্জিত) ৫২২৪০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং নভেম্বর/২০২২ মাসে ঋণ আদায় হয়েছে ১২,৭৫০/-টাকা। ২০২১-২০২২ ভিজিডি চক্রের আওতায় নড়াইল সদর উপজেলার ১৩টি ইউনিয়নে ১৬৭৫ জন উপকারভোগীর মাঝে নভেম্বর/২০২২ মাসে (VWB) উপকারভোগী মহিলাদের খাদ্য বিতরণ করা হয়েছে। নড়াইল সদর উপজেলা ১৩টি ইউনিয়নের প্রতিটিতে ১৫৬ জন করে সর্বমোট ২০২৮ জন চলমান মাতৃত্বকাল ভাতাভোগী আছে এবং জানুয়ারি/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত উক্ত ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। এছাড়াও ভাতাভোগীদেরকে এনজিওর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। নড়াইল পৌরসভায় "কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ১১০০ জন ভাতাভোগী আছে এবং জানুয়ারি/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। নড়াইল সদর উপজেলায় ৩০টি স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন আছে। সক্রিয় সংগঠনগুলি যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কাজ করছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল এর কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত তিন মাস মেয়াদে ৫টি ট্রেডে ১০ জন করে মোট ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ১৪টি কিশোর-কিশোরী ক্লাব আছে। ক্লাবে আগত কিশোর কিশোরীদেরকে সংগীত শিক্ষক, আবৃত্তি শিক্ষক এবং জেন্ডার প্রমোটারের মাধ্যমে সাংস্কৃতিক চর্চাসহ জেন্ডার বিষয়ক পরামর্শ দেয়া হয়। তিনি আরও জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মহিলা বিষয়ক অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করা, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান, যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল |
| ১৮। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন ক্যাটাগরিতে মোট সমবায় সমিতির মোট সংখ্যা ৫৭২টি। এ মাস পর্যন্ত অডিট সম্পাদন হয়েছে ১৪টি। ২০২০-২০২১ অর্থ বছরে অডিট ফি আদায়- ৪৫,৬৯০/- এবং সিডিএফ আদায় হয়েছে ১৫,১২৫/- টাকা। চিত্রা আশ্রয়ণ প্রকল্পে মোট ঋণ বিতরণ ৩০,২৩,০০০/- টাকা এবং মোট ঋণ প্রাপ্তি ১৪,০০,০০০/-টাকা । অক্টোবর/২০২২ মাসে ঋণ আদায় ৭,৫০০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায় ২১,৭৮,৪১০/-টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ১০,৮৬,৪২০/- টাকা। ঋণ আদায়ের হার ৬৬%। গোপীকান্তপুর আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এর আওতায় মোট ঋণ বিতরণ ১২,১০,৫০০/- টাকা এবং ঋণ প্রাপ্তি ৬,৩০,০০০/- টাকা। অক্টোবর/২০২২ মাসে ঋণ আদায় ৫০০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৮,৩৬,১৯৪/- টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ৪,৭১,১৪৬/-টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। | আলোচনান্তে সমবায় বিভাগের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও বিতরণকৃত ঋণ আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর |
| ১৯। **বীজ বিভাগ:** সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বিতরণ বর্ষে রবি মৌসুমে ডাল বীজ-৪.০০০ মে: টন, বোরো ধান বীজ ১২৫.০০ মে:টন এবং গম বীজ ৭.০০০ মে:টন বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বীজ "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে বীজ ডিলার ও চাষীদের মাঝে বিক্রয় কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে ডাল বীজ বিক্রয় শেষ হয়েছে। তিনি আরও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে বিএডিসি বীজ বিভাগের বীজ বিতরণ কার্যক্রম এবং দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র,সহকারী পরিচালক, বীজ বিপণন, নড়াইল সদর |
| ২০। **জনস্বাস্থ্য বিভাগ:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল সভায় তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের নভেম্বর/২০২২ মাসের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের মাসিক অগ্রগতি সম্পর্কে জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণের নলকূপ স্থাপন কাজ কেরিডওভার বরাদ্দ-৬৭০টি, অগ্রগতি ৪৬%, অবশিষ্ট কাজ চলমান আছে। আশ্রয়ণ প্রকল্প (পানির উৎস/নলকূপ স্থাপন কাজ) ৬ নং অগভীর নলকূপ, ৬নং গভীর নলকূপ ও তারা গভীর নলকূপ ৩য় ফেজে নির্মানাধীন ঘরের জন্য পানির উৎস/নলকূপ স্থাপন কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় দ্বিতল ওয়াশব্লক ১১টি, কাজের অগ্রগতি ৩০% এবং পানির উৎস টিএসপি ০৪টি, অগ্রগতি ৫০%, অবশিষ্ট কাজ চলমান আছে। NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক ৭টি, অগ্রগতি ৮৫%, ৫টি হস্তান্তর সম্পন্ন হয়েছে। পানির উৎস টিএসপি-এ ৩৮টি, অগ্রগতি ৩৮টি, অবশিষ্ট কাজ চলমান আছে। NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক নির্মাণ কাজ ১টি, কাজের অগ্রগতি ৭৫%, অবশিষ্ট কাজ চলমান আছে। পানির উৎস টিএসপি-এ ১৫টি, অগ্রগতি ১৫টি, অবশিষ্ট কাজ চলমান আছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন, গভীর ও অগভীর নলকূপ স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করাসহ ২০২১-২০২২ অর্থ বছর হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত নড়াইল সদর উপজেলায় বরাদ্দপ্রাপ্ত অগভীর ও অগভীর নলকূপ এবং ওয়াশব্লক সংশ্লিষ্টদের মাঝে বিতরণের লক্ষ্যে উপজেলা ওয়াটসন কমিটির সভা আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল |

| | | |
|---|---|---|
| **২১। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ:**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার নড়াইল সদর |
| **২২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নড়াইল সদর |
| **২৩। উপজেলা নির্বাচন বিভাগ:**<br>উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা নির্বাচন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| **২৪। বন বিভাগ:** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল সভায় জানান যে, করাত কল বিধিমালা-২০১২ অনুযায়ী অবৈধ করাতকল উচ্ছেদের চলমান অভিযান আরও জোরদার করার লক্ষ্যে অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ না দেয়াসহ সংযোগ থাকলে তা বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (ওজোপাডিকো/পল্লী বিদ্যুৎ সমিতি) প্রতি অনুরোধ জানান এবং অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনারর জন্য তিনি সংশ্লিষ্ট প্রশাসনকে অনুরোধ জানান। তিনি আরও জানান বৃক্ষরোপনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য ৭টি শ্রেণিতে "বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২২" প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানগণকে নির্ধারিত ফরমে (ছবিসহ) ৩০/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে বন বিভাগ, নড়াইলে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছে। তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে বন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ "বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২২" প্রাপ্তিতে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান হতে তার দপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালা অনুসারে যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল |
| **২৫। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন:** উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করা এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর |
| **২৬। পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগ:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করা এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সসদর, নড়াইল |
| **২৭। উপজেলা তথ্যসেবা বিভাগ:**<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা তথ্যসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, নিয়মিত উঠান বৈঠক করাসহ আগামী সভায় উপস্থিত থাকা এবং সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, নড়াইল সদর |



৫

<table>
<tr><td>২৮। উপজেলা প্রকৌশল বিভাগ:<br>(ক) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, এলজিইডির আওতায় ক্ষুদ্রাকার পানিসম্পদ উন্নয়ন উপ-প্রকল্পের মাধ্যমে দেশের খাদ্য ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে নতুন উপ-প্রকল্প চিহ্নিতকরণ এবং প্রস্তাব প্রেরণের নিমিত্ত নড়াইল সদর উপজেলাধীন প্রতিটি ইউনিয়ন থেকে কমপক্ষে ২টি প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(ক) আলোচনান্তে এলজিইডির আওতায় ক্ষুদ্রাকার পানিসম্পদ উন্নয়ন উপ-প্রকল্পের মাধ্যমে দেশের খাদ্য ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ থেকে ২টি করে উপ-প্রকল্পের প্রস্তাব উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল এর কার্যালয়ে দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর<br><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>(খ) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, এ উপজেলাধীন সিতারামপুর আরএন্ডএইচ-মুলিয়া ইউপি সড়কে চেইনেজ ৮১২ মিটারে আম্ফান প্রকল্প হতে পুরাতন জরাজীর্ণ কালভার্টের স্থানে ১টি নতুন কালভার্ট নির্মাণ করা হবে। বর্তমানে পুরাতন জরাজীর্ণ কালভার্টটি প্রকাশ্য নিলাম বিক্রয়ের মাধ্যমে অপসারণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত জরাজীর্ণ কালভার্টের প্রাক্কলিত মূল্য ৩০,২১৪/- (ত্রিশ হাজার দুইশত চৌদ্দ) টাকা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(খ) সভায় আলোচনান্তে সিতারামপুর আরএন্ডএইচ-মুলিয়া ইউপি সড়কে চেইনেজ ৮১২ মিটারে নতুন কালভার্ট নির্মাণের লক্ষ্যে উক্ত স্থানের পুরাতন জরাজীর্ণ কালভার্টটি প্রাক্কলিত মূল্যে অর্থাৎ ৩০,২১৪/- (ত্রিশ হাজার দুইশত চৌদ্দ) টাকায় অথবা তার থেকে অধিক মূল্যে বিধি মোতাবেক প্রকাশ্য নিলামে বিক্রয় ও অপসারণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর, নড়াইল</td></tr>
<tr><td>২৯। (ক) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল নিম্নোক্তভাবে পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্র নং</th><th>নাম ও পদবি</th><th>মাসের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>জনাব মোঃ নিজাম উদ্দিন খান নিলু চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>নভেম্বর/২০২২</td><td>১৩,৭৫০/-</td></tr>
<tr><td>২</td><td>জনাব ইসমত আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>নভেম্বর/২০২২</td><td>৮,৫০০/-</td></tr>
</table></td>
<td>(ক) আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নভেম্বর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল-১৩,৭৫০/- (তেরো হাজার সাতশত পঞ্চাশ) টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল- ৮,৫০০/-(আট হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার নড়াইল সদর</td></tr>
<tr><td>(খ) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল জেলা প্রশাসক, নড়াইল মহোদয়ের কার্যালয়ের ২২ নভেম্বর ২০২২ তারিখের ০৫.৪৪.৬৫০০.১০২.০২.০৪০ (অংশ-২).২০.৯৪৪ নম্বর পত্রটি সভায় পাঠ করে শোনান। উক্ত পত্রে ভদ্রবিলা ইউনিয়নের অন্তর্গত মিরাপাড়া বাজার হতে রঘুনাথপুর সড়ক পর্যন্ত রাস্তাটি "ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মরহুম মুন্সি আব্দুল হালিম" এর নামে নামকরণ বিষয়ে তাঁর স্ত্রী জনাব আঞ্জুমান আরা বেগম কর্তৃক দাখিলকৃত আবেদনপত্রটি প্রেরণ করে উক্ত রাস্তাটি "ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মরহুম মুন্সি আব্দুল হালিম" এর নামে নামকরণ বিষয়ে বিধি মোতাকে প্রয়োজনীয় গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। তিনি বীর মুক্তিযোদ্ধাদের নামে বিভিন্ন রাস্তাঘাট নামকরণ সংক্রান্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৯/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০ .০০০০.০০৫.১৬.০০৫.২০-১৬৯ নম্বর পত্রটিও সভায় পাঠ করে শোনান। উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল জিজ্ঞাসিত হয়ে সভায় জানান যে, মিরাপাড়া বাজার টু রঘুনাথপুর রাস্তাটি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নির্মিত। উল্লিখিত রাস্তাটি ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মরহুম মুন্সি আব্দুল হালিম এর নামে নামকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(খ) আলোচনান্তে ভদ্রবিলা ইউনিয়নের অন্তর্গত মিরাপাড়া বাজার টু রঘুনাথপুর পর্যন্ত রাস্তাটি (আইডি নম্বর-২৬৫৭৬৪০৫০) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৯/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০ .০০০০.০০৫.১৬.০০৫.২০- ১৬৯ নম্বর পত্রের আলোকে ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মরহুম মুন্সি আব্দুল হালিম এর নামে নামকরণের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল</td></tr>
<tr><td>(গ) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে স্থাপিত মটর দ্বারা পানি উত্তোলন করে বিভিন্ন অফিসে সরবরাহ করা হয় কিন্তু দীর্ঘদিনের পুরাতন পানির লাইন ভেঙ্গে যাওয়ায় এবং পুরাতন মটর দ্বারা পানির ট্যাংকিতে পানি উত্তোলন কর সম্ভব হচ্ছে মর্মে জরুরিভাবে পানির লাইন মেরামত ও নতুন মটর লাগানোর জন্য জনাব মোঃ জালাল উদ্দিন, ইলেক্ট্রিশিয়ান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর যথাযথ কর্তপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। উক্ত ভবনে পানি সরবরাহ অব্যাহত রাখতে পানির পাম্প ক্রয় এবং পানির লাইন মেরামত করা প্রয়াজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(গ) আলোচনান্তে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে পানি সরবরাহ অব্যাহত রাখতে নতুন পানির পাম্প লাগানোসহ পানির লাইন মেরামতের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার নড়াইল সদর<br><br>উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর</td></tr>
</table>

<table>
<tr>
<td>৩০। উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর অক্টোবর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল, উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের আনুষঙ্গিক ও আপ্যায়ন খরচ বিল, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের অক্টোবর/২০২২ মাসে রান্নার গ্যাস ক্রয় বিল, অক্টোবর/২০২২ মাসে উপজেলা পরিষদের জীপগাড়ি নং- নড়াইল-ঘ-১১-০০০৯ এর এসি লাগানো ও সর্ভিসিং বিল, আনসার ব্যারাকের অক্টোবর/২০২২ মাসের বিদ্যুৎ বিল, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের টেলিভিশন ক্রয় ও ডিসলাইন সংযোগ বিল, নভেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বিল এবং উপজেলা পরিষদের জীপগাড়ি নং- নড়াইল-ঘ-১১-০০০৯ এর জুন/২০২২ হতে অক্টোবর/২০২২ মাস পর্যন্ত জ্বালানী খরচ বিল অনুমোদন প্রসংগে।
<table>
<tr><td>(ক)</td><td>উপজেলা পরিষদের মালির অক্টোবর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১১,০০০/</td></tr>
<tr><td>(খ)</td><td>উপজেলা পরিষদের পরিচ্ছন্ন কর্মীর অক্টোবর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১১,০০০/</td></tr>
<tr><td>(গ)</td><td>উপজেলা পরিষদের অক্টোবর/২২ মাসের আনুষঙ্গিক খরচ বিল</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>(ঘ)</td><td>উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের আপ্যায়ন খরচ বিল</td><td>৩০,০০০</td></tr>
<tr><td>(ঙ)</td><td>আনসার সদস্যদের অক্টোবর/২০২২ মাসে রান্নার গ্যাস ক্রয় বিল</td><td>২,৭৩০/-</td></tr>
<tr><td>(চ)</td><td>অক্টোবর/২২ মাসে উপজেলা পরিষদের জীপগাড়ি নং- নড়াইল-ঘ-১১-০০০৯ এর এসি লাগানো ও সর্ভিসিং বিল</td><td>৮৬,৭৩০</td></tr>
<tr><td>(ছ)</td><td>আনসার ব্যারাকের অক্টোবর/২০২২ মাসের বিদ্যুৎ বিল</td><td>২,২৪০/-</td></tr>
<tr><td>(জ)</td><td>আনসার সদস্যদের টেলিভিশন ক্রয় ও ডিস লাইন সংযোগ বিল</td><td>১৭,৭৭০/</td></tr>
<tr><td>(ঝ)</td><td>নভেম্বর/২২ মাসে উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বিল</td><td>৮,৩৩০/-</td></tr>
<tr><td>(ঞ)</td><td>উপজেলা পরিষদের জীপগাড়ি নং- নড়াইল-ঘ-১১-০০০৯ এর জুন/২০২২ হতে অক্টোবর/২০২২ মাস পর্যন্ত জ্বালানী খরচ বিল</td><td>১,৩৪,৮১</td></tr>
</table>
</td>
<td>আলোচনান্তে উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর অক্টোবর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল যথাক্রমে ১১,০০০/- টাকা ও ১১,০০০/- টাকা, উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের আনুষঙ্গিক খরচ বিল-৫,০০০/- টাকা ও আপ্যায়ন খরচ বিল-৩০,০০০/- টাকা, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের অক্টোবর/২০২২ মাসে রান্নার গ্যাস ক্রয় বিল-২,৭৩০/- টাকা, অক্টোবর/২২ মাসে উপজেলা পরিষদের জীপগাড়ি নং- নড়াইল-ঘ-১১-০০০৯ এর এসি লাগানো ও সর্ভিসিং বিল-৮৬,৭৩০/- টাকা, আনসার ব্যারাকের অক্টোবর/২০২২ মাসের বিদ্যুৎ বিল-২,২৪০/- টাকা, আনসার সদস্যদের টেলিভিশন ক্রয় ও ডিস লাইন সংযোগ বিল-১৭,৭৭০/- টাকা, নভেম্বর/২২ মাসে উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বিল-৮,৩৩০/- টাকা এবং উপজেলা পরিষদের জীপগাড়ি নং- নড়াইল-ঘ-১১-০০০৯ এর জুন/২০২২ হতে অক্টোবর/২০২২ মাস পর্যন্ত জ্বালানী খরচ বিল-১,৩৪,৮১৮/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর</td>
</tr>
</table>

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১১/২০২২

মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০০১.০১.০৩৩.২২-১০১৬(৫০)

তারিখ : ৩০/১১/২০২২ খ্রি.

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৩-নড়াইল-১
৩. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৪-নড়াইল-২
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৭. জেলা প্রশাসক, নড়াইল

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে-

৮. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল
৯. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১০. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১১. উপজেলা........................................................ অফিসার, নড়াইল সদর, নড়াইল
১২. চেয়ারম্যান .................................................... ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল

30/11/2022

সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

৩০/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:

| উপস্থিত সদস্য | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|
| ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল |
| ২. উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল | ২. চেয়ারম্যান, বিছালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৪. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৫. উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৫. চেয়ারম্যান, মাইজপাড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৬. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৬. চেয়ারম্যান, হবখালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৭. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৭. চেয়ারম্যান, চন্ডিবরপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৮. ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াইল |
| ৮. চেয়ারম্যান, আউড়িয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৯. উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, নড়াইল সদর |
| ৯. চেয়ারম্যান, শাহাবাদ ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১০. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল |
| ১০. চেয়ারম্যান, তুলারামপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর,নড়াইল | ১১. উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র, নড়াইল সদর, নড়াইল |
| ১১. চেয়ারম্যান, শেখহাটী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১২. চেয়ারম্যান, কলোড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৩. চেয়ারম্যান, সিংগাশোলপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর | |
| ১৪. চেয়ারম্যান, ভদ্রবিলা ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৫. চেয়ারম্যান, বাঁশগ্রাম ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৬. চেয়ারম্যান, মুলিয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৮. উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৯. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২০. উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২১. উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল | |
| ৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল পক্ষে প্রতিনিধি | |
| ২২. অফিসার-ইনচার্জ, নড়াইল সদর থানা, নড়াইল | |
| ২৩. উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৪. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৬. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর | |
| ২৭. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৮. উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৯. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল | |
| ৩০. উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩২. উপজেলা প্রকল্প কর্মকর্তা,পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর | |
| ৩৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল | |
| ৩৪. সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর | |
| ৩৫. উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩৬. ইউডিএফ, ইউজিডিপি, নড়াইল সদর, নড়াইল | |